# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৯২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮৭. সালাতরত অবস্থায় হাতের উপর ঠেস দেয়া মাকরূহ

باب كَرَاهِيَةِ الاِعْتِمَادِ عَلَى الْيَدِ فِي الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، وَأَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ شَبُّويَةَ، وَمُحَمَّدُ بْنُ رَافِعٍ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ الْغَزَّالُ، قَالُوا حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ أُمَيَّةَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ نَهَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم ـ قَالَ ـ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ ـ أَنْ يَجْلِسَ الرَّجُلُ فِي الصَّلاَةِ وَهُوَ مُعْتَمِدٌ عَلَى يَدِهِ . وَقَالَ ابْنُ شَبُّويَةَ نَهَى أَنْ يَعْتَمِدَ الرَّجُلُ عَلَى يَدِهِ فِي الصَّلاَةِ . وَقَالَ ابْنُ رَافِعٍ نَهَى أَنْ يُصَلِّيَ الرَّجُلُ وَهُوَ مُعْتَمِدٌ عَلَى يَدِهِ . وَذَكَرَهُ فِي بَابِ الرَّفْعِ مِنَ السُّجُودِ . وَقَالَ ابْنُ عَبْدِ الْمَلِكِ نَهَى أَنْ يَعْتَمِدَ الرَّجُلُ عَلَى يَدَيْهِ إِذَا نَهَضَ فِي الصَّلاَةِ .

ـ صحيح إلا اللفظ الأخير، فإنه منكر

বাংলা

৯৯২। ইবনু ’উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, ইমাম আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) এর বর্ণনা অনুযায়ী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন ব্যক্তি সালাতে হাতের উপর ঠেস দিয়ে বসতে নিষেধ করেছেন। ইবনু শাব্বুয়াহ এর বর্ণনায় রয়েছে, তিনি সালাতে কাউকে হাতের উপর ঠেস দিতে নিষেধ করেছেন। ইবনু রাফি’ এর বর্ণনায় রয়েছে, তিনি কাউকে হাতের উপর ঠেস দিয়ে সালাত আদায় করতে নিষেধ করেছেন। তিনি হাদীসটি বর্ণনা করেছেন ’’আর-রাফ’উ মিনাস্-সুজুদ’’ অনুচ্ছেদে। ইবনু ’আবদুল মালিক বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সালাতে উঠার সময় হাতের উপর ভর দিতে নিষেধ করেছেন।[1]

সহীহ : তবে শেষ অংশটুকু বাদে। কেননা তা মুনকার।

## English

Narrated Abdullah ibn Umar:

The Messenger of Allah (ﷺ) prohibited, according to the version of Ahmad ibn Hanbal, that a person should sit during prayer while he is leaning on his hand.

According to the version of Ibn Shibwayh, he prohibited that a man should lean on his hand during prayer.

According to the version of Ibn Rafi', he prohibited that a man should pray while he is leaning on his hand, and he mentioned this tradition in the chapter on "Raising the head after prostration."

According to the version of Ibn AbdulMalik, he prohibited that a man should lean on his hand when he stands up after prostration.

## ফুটনোট

[1] আহমাদ (২/১৪৭), বায়হাক্বী ‘সুনান’ (২/১৩৫), আবূ দাউদ হতে আহমাদ ইবনু হাম্বাল থেকে। শায়খ আহমাদ শাকির বলেনঃ এর সানাদ সহীহ। আর মুহাম্মাদ ইবনু আবদুল মালিকের আল-গাযযালের শব্দ সন্দেহজনক যেমন বায়হাক্বী বলেছেন।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58310

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন